

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ১০.০০.০০০০.১২৭.২৭.০০৩.১৭-৭৪৩

তারিখ : ২০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, নারায়ণগঞ্জের সাবেক যুগ্ম জেলা ও দায়রা জজ বর্তমানে সিলেটের যুগ্ম মহানগর দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে সরকার বাংলাদেশ সুপ্রীম কোর্টের সদয় পরামর্শক্রমে তাঁর বিরুদ্ধে ০৩/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করে; এবং

যেহেতু, বেগম লায়লাতুল ফেরদৌস এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৭ নং বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ তদন্তে প্রমানিত না হওয়ায় তাঁকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সদয় পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করে;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সদয় পরামর্শক্রমে নারায়ণগঞ্জের সাবেক যুগ্ম জেলা ও দায়রা জজ বর্তমানে সিলেটের যুগ্ম মহানগর দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৭ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ-
(মোঃ গোলাম সারওয়ার)
সচিব (সঃ)

নং- ১০.০০.০০০০.১২৭.২৭.০০৩.১৭-৭৪৩

তারিখ : ২০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, নারায়ণগঞ্জ।
- ৩। মহানগর দায়রা জজ, সিলেট।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/৪/৫/৮/বাজেট/উন্নয়ন, আইন ও বিচার বিভাগ।
- ৬। বেগম লায়লাতুল ফেরদৌস, যুগ্ম মহানগর দায়রা জজ, সিলেট।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(সৈয়দা কনিজ্জ কামরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১